

১৫

‘এবং মহায়া’-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ(UGC-CARE list-I 2021)

অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত।

২০২১সালে প্রকাশিত ১৬পৃ.তালিকার(৩১৯টির মধ্যে) ৩ পৃ.৬০নং উল্লেখিত।

এবং মহায়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩তম বর্ষ, ১৩৫ বিশেষ স্মরণ সংখ্যা

জুন, ২০২১

(অমর কথাশিল্পী শরৎ চন্দ্র চট্টোপাধ্যায় স্মরণে)

সম্পাদক

ড. মদনমোহন বেরা

সহসম্পাদক

পায়েল দাস বেরা

মৌমিতা দত্ত বেরা

যোগাযোগ :

ড. মদনমোহন বেরা, সম্পাদক।

গোলকুঁয়াচক, পোষ্ট-মেদিনীপুর, ৭২১১০১, জেলা-প.মেদিনীপুর, প.বঙ্গ।

মো.-৯১৫৩১৭৭৬৫৩

কে.কে. প্রকাশন

গোলকুঁয়াচক, মেদিনীপুর, পশ্চিমবঙ্গ।

Prasanta Kumbhakar

মধ্যযুগের বাংলা সাহিত্যে কবি রাধাদাস ও কৃষ্ণলীলামৃত গীত

প্রশান্ত কুম্ভকার

ভারতবর্ষে কৃষ্ণকথার প্রবাহটি বহু প্রাচীন কাল থেকেই আমাদের মনকে তৃপ্তি দান করে আসছে। সেই মহাভারত - বিষ্ণুপুরাণ - হরিবংশ - ভাগবত - পদ্মপুরাণ - থেকে শুরু করে সদুক্তিকর্ণামৃত - সুভাষিতরঙ্গকোষ - জয়দেবের গীতগোবিন্দ- প্রাকৃতপৈঙ্গলের কিছু কিছু শ্লোকে এবং বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন, মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয়, বৈষ্ণব পদকর্তাদের বিভিন্ন পদে কৃষ্ণকথাই নানা ভাবে, নানা রসে, নানা রূপে ধরা দিয়েছে। মধ্যযুগে রচিত এরকমই একটি সুন্দর রাধাকৃষ্ণের লীলাবিষয়ক কাব্যের সন্ধান আমরা পেয়েছি। কাব্যটির রচয়িতা হলেন রাধাদাস এবং কাব্যের নাম কৃষ্ণলীলামৃত গীত।

মধ্যযুগের বাংলা সাহিত্যে কৃষ্ণকথা বিষয়ক কাব্যের ধারায় একটি অনন্য সাধারণ সংযোজন হল রাধাদাসের কৃষ্ণলীলামৃত গীত কাব্যটি। এই কাব্যের পুঁথিটি পুরুলিয়া জেলার রঘুনাথপুর অঞ্চলের অন্তর্গত কেলাহি গ্রামের শ্রীরূপ মাজীর বাড়ি থেকে সংগ্রহ করেছিলেন ঐ গ্রামেরই সাহিত্যানুরাগী শিবপ্রসাদ মাজী। পরে তাঁর পিতা বিখ্যাত সাহিত্যিক ও গবেষক শ্রীযুক্ত যুধিষ্ঠির মাজী ঐ পুঁথিটি জানুয়ারি, ১৯৯৯ সালে কলকাতার 'সাহিত্যলোক' প্রকাশনী থেকে 'রাধাদাস প্রণীত কৃষ্ণলীলামৃত গীত' নামে পুস্তক আকারে প্রকাশ করেন। কিন্তু দুঃখের বিষয় সংগ্রাহক শিবপ্রসাদ মাজী গ্রন্থটি ছাপার অক্ষরে দেখে যেতে পারেন নি। তিনি ২১শে জুন, ১৯৯৮ সালে প্রয়াত হন। যুধিষ্ঠির মাজী গ্রন্থটিতে যে বিষয়গুলি আলোচনা করেছেন, সেগুলি হল— ১। রাধাদাসের কাব্যরচনা কাল, ২। রাধার পরকীয়া প্রেম, ৩। কাব্যের ছন্দ ও অলংকার, ৪। কাব্যমূল্য এবং ৫। মার্গ সঙ্গীতের ব্যবহার। আমাদের আলোচ্য বিষয়টি হল কাব্যটির পুঁথি পরিচয়, কবি রাধাদাসের কাব্যরচনা কাল ও বাসস্থানের অনুসন্ধান। কৃষ্ণলীলামৃত গীতের পুঁথি পরিচয় :

কৃষ্ণলীলামৃত গীতের পুঁথিটি যুধিষ্ঠির মাজীর কাছেই সংরক্ষিত আছে। তুলোঁট কাগজে লেখা প্রাচীন পুঁথিটির দৈর্ঘ্য ৩৫ সেমি, প্রস্থ ১২ সেমি, উচ্চতা ১.৫ সেমি। লেখার মাপ ২৭.৫ সেমি লম্বা ও ৭ সেমি চওড়া। অক্ষরের মাপ মোটামুটি ০.৫ সেমি। পুঁথিতে ৩৪ টি জোড়া ফলিও আছে, যার দুই দিকেই লেখা। ফলিগুলির কোনোটিয়